

১০৭৫
৪৪

বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ

পাঠ্যপুস্তক বোর্ড সাড়ে ৩শ' টন কাগজ কিনতে পারবে

অর্থনৈতিক রিপোর্টার : গ্রামমিক ভুলের হুমকীসমূহের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের জন্য জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড সাড়ে ৩শ' টন কাগজ কেনার অনুমতি পেয়েছে। বৃহস্পতিবার ঢাকা সচিবালয় মন্ত্রিপরিষদ সভা কমিটির সভায় একই সঙ্গে ফসফেট সারের উপকরণ ৫০ হাজার টন ফসফরিক গ্র্যানুলা কেনারও অনুমতি দেয়া হয়েছে। অর্থ উপদেষ্টা ড. এবি মির্জা মোঃ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ঐ সভায় ২০ কোটি ২ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা কেনার একটি প্রস্তাব বাতিল হয়ে যায়। বৈঠক শেষে অর্থ উপদেষ্টা বলেন, আন্তর্জাতিক বাজারে ধাতুর মূল্য বৃদ্ধি পাওয়ায় ধাতব মুদ্রা তৈরির খরচ বেড়ে যাবে। এ জন্য পুনরায় চেষ্টা করার নির্দেশ দেয়া হয়েছে। তিনি আরও জানান, দু'টি টেভারের মাধ্যমে ৫০ হাজার টন ফসফরিক গ্র্যানুলা কেনা হবে।